

# ONLINE CLASS FOR CBCS II SEMISTER Honours

বিষয়- ছন্দ

আজকের পাঠ- দলের শ্রেণিবিভাগ

তারিখ- ০৩-০৪-২০২০

ড. অসীম দত্ত

বিভাগীয় প্রধান


বাংলা বিভাগ

বালুরঘাট মহিলা মহাবিদ্যালয়

নিঃস্বাসের একক প্রয়াসে উচ্চারিত ধ্বনি সমষ্টিকে দলকে বলে এবং এই দলের গঠন বিশ্লেষণ করে আমরা দেখেছি যে পূর্ণস্বর বা **Peak** মূখ্য ভূমিকা পালন করে থাকে। পূর্ণস্বর ছাড়া কোনো দল গঠিত হয় না।

আজকে আমরা আলোচনা করব দলের শ্রেণিবিন্যাস নিয়ে।

দলকে দুই ভাগে ভাগ করা যায়- মুক্তদল ও বন্ধদল।



# মুক্তদল

যে দলে শেষাংশ বা Coda নেই অর্থাৎ যে দল পূর্ণস্বরধ্বনিতে সমাপ্ত তাকে মুক্তদল বলে। মুক্তদল এই কারণে বলে যে এই দল এক বা একাধিক ব্যঞ্জনধ্বনি বা অর্ধস্বর গ্রহণ করতে পারবে। অর্থাৎ এই দলের একদিক খোলা বা মুক্ত। তাই এই দলের নাম মুক্তদল।

উদাহরণ-

মামা এই শব্দটির দুটি দলই মুক্তদল— মা ও মা। এই দুটি দল আরো এক বা একাধিক ব্যঞ্জন বা অর্ধস্বর গ্রহণ করতে পারবে। মা এর সঙ্গে র ব্যঞ্জন যোগ করলে মার দল গঠিত হয়।

অন্য উদাহরণ- আতা — আ ও তা দুটি মুক্তদল।

খাতা- খা ও তা দুটি মুক্তদল।

আকাশ— আ দলটি মুক্ত।

তোমার— তো দলটি মুক্তদল।

মুক্তদলকে বোঝানোর জন্য দলগুলির মাথায়  এই চিহ্ন ব্যবহার করা হয়।

## রুদ্ধদল

যে দলে শেষাংশ Coda বা আছে অর্থাৎ যে দলে পূর্ণস্বরধ্বনির পর ব্যঞ্জন বা অর্ধস্বর থাকে তাকে রুদ্ধদল বলে।

এই দলকে রুদ্ধদল এই কারণে বলে যে এই দল আর কোনো ব্যঞ্জন বা অর্ধস্বর গ্রহণ করতে পারে না।

## উদাহরণ

দল— এটি একটি রুদ্ধদল আবার একটি শব্দও। এই দলের পর আর কোনো ব্যঞ্জন বা অর্ধস্বর বসানো যায় না। তাই এটি রুদ্ধদল।

অন্য উদাহরণ-

প্রাণ— রুদ্ধদল।

রাম- রুদ্ধদল।

রুদ্ধ— রুদ্ধ দলটি রুদ্ধদল।

মানুষ- নুষ দলটি রুদ্ধদল।

দুর্দান্ত- দুর ও দান দল দুটি রুদ্ধদল। ত দলটি মুক্ত।

এই দলগুলির মাথায় ‘—’ চিহ্ন দেওয়া হয়।